

বন্ধুরা বিদেশে চলে গেলে

মানুষ মাঝেমাঝে শক্রদের খেঁজখবর নেয়।

প্রথমে ফোনে, পরে সঙ্গের পাঠিগুলোয়

এক আধবার মুখ দিয়ে বেরিয়েও যায়--- কী, ভাল তো!

বন্ধুদের চিঠি আসা বন্ধহয়ে গেলে মানুষ শক্রদের বাড়িতে যাতায়াত শু করে।

প্রথমে খালিহাতে, পরে তার ছেলেমেয়ের জন্যে চকলেট....

বাড়ি ফিরতে আগের মতোই রাত হয়।

এই রকমই এক রাতে বিছানায় শুয়ে সে টের পায়

এটা আসলে একটা ভয়ানক খেলা।

এতদিন তুপের তাস ক'রে আস্তিনে সে

লুকিয়ে রেখেছিল তার শক্রদের

নিজেও লুকিয়েছিল তাদের আস্তিনে

আজ সবাই একে একে বার করে আনছে সেই তাস

কারণ তারই মতো, তার শক্রদেরও

কোনও বন্ধু নেই আর।

শ্রীজাত

